



স্মারক নং ৪৪.০৩.৪০৪৭.০০২.৭০.০১২.২৬-১৮৯৬

তারিখ ০৩ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ।
১৯ অক্টোবর ২০২৬ খ্রিস্টাব্দ।

“বাছাই বিজ্ঞপ্তি”

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, সদর দপ্তর, খিলগাঁও, ঢাকা এর স্বারক নং- ৪৪.০৩.০০০০.০৪৪.১০.০৪৫.১৭.১০৪৭; তারিখ-২৪/১০/২০১৭ খ্রিঃ নীতিমালা মোতাবেক এবং বটিয়াঘাটা ও কয়রা উপজেলা আবহাওয়া অফিসে অঙ্গীভূত সদস্যদের মেয়াদ পূর্তিতে যথাক্রমে ২ জন ও ৩ জন মোট ৫ জনকে সংশ্লিষ্ট আবহাওয়া অফিসের নিরাপত্তার লক্ষ্যে ০১ বছরের জন্য অথবা সংস্থার চাহিদা মোতাবেক ভিডিপি সদস্য অঙ্গীভূত করা হবে। এ প্রেক্ষিতে নিম্নবর্ণিত ছক মোতাবেক প্যানেল প্রকৃত্তের লক্ষ্যে বাছাই কার্যক্রম অনুষ্ঠিত হবে। উক্ত বাছাই কার্যক্রমে অংশগ্রহণের নিমিত্ত আগ্রহী প্রশিক্ষণপ্রাপ্ত ভিডিপি সদস্যদের যথাসময়ে উপস্থিত হওয়ার জন্য আহ্বান করা হলো।

ক্রঃ নং	বাছাইয়ের তারিখ ও সময়	বাছাইয়ের স্থান	মন্তব্য
০১	০৩/১১/২০২৬খ্রিঃ সময়-১১.০০ ঘটিকা।	জেলা কমান্ড্যান্ট এর কার্যালয়, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, খুলনা।	প্রশিক্ষণার্থীগণের উপস্থিতির সময় সকাল-১০.৩০ ঘটিকা।

যোগ্যতাঃ

- ১। AVMIS এ রেজিস্ট্রেশনকৃত হতে হবে।
- ২। প্রশিক্ষণঃ ২১ দিন মেয়াদি ভিডিপি মৌলিক প্রশিক্ষণ/অ্যাডভান্স প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে।
- ৩। বয়সঃ ১৮-৫০ বছর হতে হবে।
- ৪। শিক্ষাগত যোগ্যতাঃ ন্যূনতম ৮ম শ্রেণী পাশ।
- ৫। উচ্চতাঃ সর্বনিম্ন-৫ ফুট ৬ ইঞ্চি।
- ৬। বুকের মাপ-৩১-৩২ ইঞ্চি।
- ৭। দৃষ্টিশক্তিঃ ৬/৬।
- ৮। বটিয়াঘাটা আবহাওয়া অফিসের জন্য বটিয়াঘাটা, সদর ও সোনাডাঙ্গা এবং কয়রা উপজেলা আবহাওয়া অফিসের জন্য কয়রা উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

অযোগ্যতাঃ

- ১। বাংলাদেশের নাগরিক অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা বা বাংলাদেশে ডমিসাইল না হন।
- ২। বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করে থাকেন বা বিয়ে করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন।
- ৩। কোন উপযুক্ত আদালত কর্তৃক দেউলিয়া ঘোষিত হন এবং দেউলিয়াত্ব অবসান হয়েছে মর্মে ঘোষণা না করা হয়।
- ৪। কোন উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক মানসিক ভারসাম্যহীন বিবেচিত হন।
- ৫। কোন উপযুক্ত আদালত কর্তৃক দুষ্টিকারী হিসেবে চিহ্নিত হন বা সাজাপ্রাপ্ত হন।
- ৬। এলাকায় অসামাজিক কার্যকলাপে জড়িত আছেন বা ছিলেন মর্মে কুখ্যাতি রয়েছে।
- ৭। নৈতিক শৃঙ্খলাজনিত অপরাধে কোন উপযুক্ত আদালত কর্তৃক সাজা প্রাপ্ত হন।
- ৮। কোন অপরাধে সরকারী চাকরি হতে বরখাস্ত হন।
- ৯। চাকুরী বিরতিকাল ০২ (দুই) বছর পূর্ণ না হলে
- ১০। সদস্যপদ বাতিল করা হয়েছে বা কালো তালিকাভুক্ত করা হয়েছে এমন কোন ভিডিপি সদস্য;
- ১১। দায়িত্বে বহাল আছেন এমন ইউনিয়ন দলনেতা/দলনেত্রী এবং এ বিজ্ঞপ্তির চাহিত যোগ্যতা সমূহের এক বা একাধিক ঘাটতি হলে।

প্রয়োজনীয় কাগজপত্রঃ

- ১। ১ম শ্রেণীর গেজেটেড অফিসার/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা মেয়র কর্তৃক সত্যায়িত পাসপোর্ট সাইজ ছবি ০২ কপি।
- ২। সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা মেয়র (যার জন্য যেটা প্রযোজ্য) কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র।
- ৩। শিক্ষাগত যোগ্যতা সনদপত্রের মূল ও সত্যায়িত ফটোকপি- ০১টি।
- ৪। নবম শ্রেণী ও তদুর্ধ্বদের রেজিস্ট্রেশন/এসএসসি পাসের সনদপত্রের মূল ও সত্যায়িত ফটোকপি- ০১টি।
- ৫। ইউএভিডিও কর্তৃক স্বাক্ষরিত প্রাট্টন ভুক্তির সনদপত্র।
- ৬। ভিডিপি প্রশিক্ষণ সনদপত্রের মূলকপি ও সত্যায়িত ফটোকপি- ০১টি।
- ৭। জাতীয় পরিচয়পত্রের মূলকপি ও সত্যায়িত ফটোকপি- ০১টি।
- ৮। শারীরিক যোগ্যতার স্বপক্ষে চিকিৎসকের সনদপত্র।

